



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-রাশিবো ২/৩২/১(খ)/২০২০

তারিখ: ২০/০২/২০২০

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে রাজশাহী শিক্ষা বোর্ডের অধিভুক্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং ম্যানেজিং কমিটির নির্বাচন সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা সংকটের কারণে সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বিগত ২৩/০৩/২০২০ তারিখের ২/এস/১(খ)/১০৬৬ স্মারকের পত্র মারফত ম্যানেজিং কমিটি নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ করা হয়েছিল।

উল্লিখিত পত্র জারীর পর ইতোমধ্যে বহু প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং বহু প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদ শেষ হবে। বর্ণিত অবস্থায় কোভিড-১৯ সংক্রমণ রোধে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় এবং সরকার কর্তৃক কোন ধরনের জমায়েত নিষিদ্ধ করায় ঐসব প্রতিষ্ঠানে এডহক কমিটি গঠন অবশ্যক হয়ে পড়েছে। বিধায় অনলাইনে/ডাকযোগে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন প্রেরণের জন্য বলা হলো। বিশেষ কোন প্রয়োজন না হলে সরাসরি উপস্থিত হয়ে আবেদন জমা না দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

“The Intermediate and secondary Education Board Ordinance 1961 এর section 11” এ প্রদত্ত ক্ষমতা বলে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

(প্রফেসর দেবশীল রঞ্জন রায়)

আই ডি নং-৮৬০১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর অধিভুক্ত

সকল বেসরকারি মাধ্যমিক/নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। রাজশাহী বিভাগের আওতাধীন জেলা সমূহের জেলা প্রশাসকবৃন্দ।
- ২। রাজশাহী বিভাগের আওতাধীন উপজেলা সমূহের উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দ।
- ৩। রাজশাহী বিভাগের আওতাধীন জেলা সমূহের জেলা শিক্ষা অফিসারবৃন্দ।
- ৪। রাজশাহী বিভাগের আওতাধীন উপজেলা সমূহের সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারবৃন্দ।
- ৫। সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা।
- ৬। অফিস কপি।

(প্রফেসর দেবশীল রঞ্জন রায়)

আই ডি নং-৮৬০১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)